

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
www.dwa.gov.bd

স্মারক নং-৩২.০১.০০০০.০১৯.২৭.৩৬৯.২৫-৫২

তারিখঃ ০২/০৩/২০২৬

প্রজ্ঞাপন


যেহেতু, জনাব শিপ্রা রানী সরকার, প্রশিক্ষক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ভোলা ২৬/০৮/২০২৩ হতে ২৮/০৮/২০২৩ তারিখ পর্যন্ত ০৩ (তিন) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন; তার দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিতির জন্য উপপরিচালকের কার্যালয়, ভোলা হতে ০৫ বার কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়; কিন্তু তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি এবং কর্তৃপক্ষের বিনানুমতিতে ২৬/০৮/২০২৩ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, জনাব শিপ্রা রানী সরকার এর এহেন কার্যকলাপের দরুন সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে “অসদাচরণ ও “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করে এই অধিদপ্তরের ২৩/০১/২০২৫ তারিখের ৩২.০১.০০০০.০১৯.২৭.৩৬৯.২৫-৮৯ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা রুজু করা হয়। রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী রেজিস্টার্ড ডাকে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব শিপ্রা রানী সরকার এর লিখিত জবাব না পাওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য এই অধিদপ্তরের ০৩/০৩/২০২৫ তারিখের ৩২.০১.০০০০.০১৯.২৭.৩৬৯.২৫-৯৬ সংখ্যক স্মারকে সহকারী পরিচালক জনাব সৈয়দা কুদসিয়া নাহরিনকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব শিপ্রা রানী সরকার এর বিরুদ্ধে আনীত অসদাচরণ ও “পলায়ন” এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন; বর্ণিত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ রেজিস্টার্ড ডাকে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়; অভিযুক্ত কর্মচারী দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি; এবং

সেহেতু, এক্ষণে জনাব শিপ্রা রানী সরকার এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে প্রাপ্ত তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার অভিযোগ বিবরণী ও অভিযোগনামা এবং তদন্ত কর্মকর্তার মতামত ইত্যাদি সকল তথ্যাদি পর্যালোচনা ও বিশ্লেষণ করে অভিযুক্ত জনাব শিপ্রা রানী সরকারকে “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে দোষী সাব্যস্ত করত: সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪ (৩) (ঘ) উপবিধি মোতাবেক তাকে সরকারি চাকুরী হতে বরখাস্ত দন্ড প্রদান করা হলো। এ আদেশ তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৬/০৮/২০২৩ তারিখ হতে কার্যকর হবে।


জিনাত আরা

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। জেলা প্রশাসক, ভোলা।
 - ২। উপপরিচালক (প্রশাসন ও অর্থ), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
 - ৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ভোলা।
 - ৪। সহকারী পরিচালক (প্রশাসন/ অর্থ), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
 - ৫। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
 - ৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ভোলা।
 - ৭। জনাব শিপ্রা রানী সরকার, প্রশিক্ষক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ভোলা।
- স্থায়ী ঠিকানাঃ
জনাব শিপ্রা রানী সরকার, পিতা- সমীর সরকার, গ্রাম- আক্রাবাড়ী, পো:- খেপুপাড়া, উপজেলা- কলাপাড়া, জেলা- পটুয়াখালী।
- বর্তমান ঠিকানাঃ
জনাব শিপ্রা রানী সরকার, স্বামী- প্রদেশ চন্দ্র রায়, দরগা রোড, ০৫ নং ওয়ার্ড, ভোলা পৌরসভা, ভোলা।- ৮। পরিচালক এর ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (পরিচালক এর সদয় অবগতির জন্য)।
- ৯। অফিস কপি।